

## বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন এর বাৎসরিক সাংস্কৃতিক সন্ধ্যা ও নৈশভোজ ।

বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন এর উদ্যোগে গত ১৬মে ২০০৯ শনিবার অনুষ্ঠিত হলো বাৎসরিক সাংস্কৃতিক সন্ধ্যা ও নৈশভোজ । এই অনুষ্ঠানের প্রধান উদ্যোক্তা ছিলেন সংগঠনের নবাগত সভাপতি জনাব মইনুল ইসলাম চৌধুরী । অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন করার জন্য সংগঠনের সকল সদস্য সার্বিক সহযোগীতা প্রদান করেন ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লেবার পার্টির স্থানীয় ফেডারেল এমপি মিঃ ক্রিস হাইস্ , কাউন্সিলর মিঃ এ্যারন রোল, কাউন্সিলর মিঃ এনালগ চান্টিভিল, প্রাক্তন মেয়র ব্রান্টন বেনফিল্ড, বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন-বাংলা মেলার পৃষ্ঠপোষকবর্গ ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গসহ প্রচুর সংখ্যক বাংলাদেশী পরিবার ।

অনুষ্ঠান শুরু হয় সভাপতি স্বাগত বক্তব্যের মাধ্যমে । এরপর বক্তব্য রাখেন ফেডারেল এমপি মিঃ ক্রিস হাইস্, কাউন্সিলর মিঃ এ্যারন রোল, কাউন্সিলর মিঃ এনালগ চান্টিভিল, প্রাক্তন মেয়র ব্রান্টন বেনফিল্ড । আলোচনা পর্ব শেষ হয় সাধারণ সম্পাদক জনাব ইকবাল ফারুখ এর বক্তব্যের মাধ্যমে ।

আলোচনা পর্ব শেষে উপস্থিত সকলকে নৈশভোজে আপ্যায়িত করা হয় । নৈশভোজ প্রস্তুতি ও পরিবেশনায় ছিলেন এইচ এম হাবিবুর রহমান, মোর্শেদ আলম খোকন, গোলাম জাকরিয়া, আব্দুল গফুর, মাহবুব চৌধুরী, আকতারুল ইসলাম, মোহাম্মদ কাইউম, মাইনুল ইসলাম ও ইসমাইল মিয়া ।

নৈশভোজের পর শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান । সাংস্কৃতিক অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাংস্কৃতিক সম্পাদক মোহাম্মদ কাইউম । পরিবেশিত হয় - জনাব নাজমুল ইসলামের তত্ত্বাবধানে শিশুদের গানের আসর, শিল্পী বিতার একক সংগীত । সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান আকর্ষণ ছিলো যোদ্ধা'র পরিবেশনায় ব্যান্ড শো । যোদ্ধা'র ভোকালিস্টস আদনান ও পারমিতা'র সুরের মূর্ছনায় মাতোয়ারা ছিলো হল ভর্তি দর্শক-শ্রোতা । ব্যান্ডের অন্য সদস্যরা হলো বেজ গিটারে টিটু, গিটারে ইমন, কি বোর্ডে পরশ ও ড্রামে শাওন ।

অনুষ্ঠানের আয়োজন সম্পর্কে জানতে চাইলে সাধারণ সম্পাদক জনাব ইকবাল ফারুখ জানালেন যে, নতুন সভাপতির উদ্যোগে যেভাবে এলাকাবাসী সাড়া দিয়েছেন তাতে বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন এর কার্যকরী পরিষদ আশা করেন নতুন সভাপতি জনাব মাইনুল ইসলাম চৌধুরী তার গতিশীল নেতৃত্বে সংগঠনকে আরো সামনে এগিয়ে নিতে পারবেন ।